

এই তো তোমার আলোকধেনু সূর্য তারা দলে দলে—
কোথায় ব'সে বাজাও বেণু, চরাও মহাগগনতলে ॥
তৃণের সারি তুলছে মাথা, তরুর শাখে শ্যামল পাতা—
আলোয়-চরা ধেনু এরা ভিড় করেছে ফুলে ফলে ॥
সকালবেলা দূরে দূরে উড়িয়ে ধূলি কোথায় ছোটে,
আঁধার হলে সাঁজের সুরে ফিরিয়ে আন আপন গোঠে ।
আশা তৃষা আমার যত ঘুরে বেড়ায় কোথায় কত—
মোর জীবনের রাখাল ওগো ডাক দেবে কি সন্ধ্যা হলে ?।

Parjaay: Puja, Taal: Jhampak, Raag: Kedara
Visit www.geetabitan.com for notation and other detail